

আ আপনার জন্য

ন নিউজ

তথ্যপ্রযুক্তি

ক্রিকেট

লোকসভা নির্বাচন

ফুটবল

ডেইলি শেয়ার



## কথাসঙ্কির আসরে বিশিষ্ট বাংলা লেখক মনোহরমৌলী বিশ্বাস

1d 1 shares

কথাসঙ্কির আসরে বিশিষ্ট বাংলা লেখক মনোহরমৌলী বিশ্বাস

, ১০ মে ২০২৪, সাহিত্য অকাদেমি তার আঞ্চলিক কার্যালয়ের প্রেক্ষাগৃহে (৪ ডি.এল. খান রোড, কলকাতা ৭০০০২৫) বিশিষ্ট লেখক শ্রী মনোহরমৌলী বিশ্বাসের সঙ্গে একটি কথাসঙ্কি অনুষ্ঠানের আয়োজন করে।

অনুষ্ঠানের শুরুতেই শ্রী মনোহরমৌলী বিশ্বাসের সঙ্গে শ্রোতাদের পরিচয় করিয়ে দেন সাহিত্য অকাদেমি পূর্বাঞ্চলীয় দপ্তরের ভারপ্রাপ্ত আধিকারিক শ্রী ক্ষেত্রবাসী নায়েক। লেখক এবং পাঠকের মধ্যে প্রত্যক্ষ যোগাযোগের সূত্র হিসেবে কথাসঙ্কি অনুষ্ঠানের গুরুত্বের কথা তুলে ধরেন তিনি। অনুষ্ঠানে শ্রী মনোহরমৌলী বিশ্বাস তাঁর লেখা গল্প 'চাঁদিপুরের লাল কাঁকড়া' থেকে পাঠ করেন। এরপর তিনি নিজের জীবনের কথা এবং দলিত অবহেলিত মানুষের স্বার্থে তাঁর সংগ্রামের কথা বলেন। প্রসঙ্গত, ভারতে কীভাবে এই জাতপাতের বিভেদ এল তা নিয়ে আলোচনা করার পাশাপাশি কিছু গুরুত্বপূর্ণ নজির তুলে ধরে সাধারণ মানুষের জীবনের ওপরে এই জাতপাতের বিভেদের কুপ্রভাবের কথা বলেন তিনি। শেষে, শ্রোতাদের সঙ্গে মতামতের বিনিয়মের মাধ্যমে অনুষ্ঠানটির পরিসমাপ্তি হয়।